সমকাল

তাং 16 JAN 2017
পৃষ্ঠা 2 কলাম 5

# সেই দুই নারীর উদ্দেশ্য কী

■ ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) প্রতিনিধি

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জে স্কুলে ঢুকে শিক্ষার্থীদের বই-ব্যাগে 'সন্দেহজনক' লিফলেট রেখে গেছে দুই নারী। শ্রেণিকক্ষে প্রবেশ করে প্রচারপত্র রেখে দ্রুত চলে যাওয়ায় ঘটনায় চলছে তোলপাড়। শিক্ষকরা বলছেন, কারও সঙ্গে কোনো কথা না বলে এভাবে প্রচারপত্র দিয়ে যাওয়া সন্দেহজনক।

ঈশ্বরগঞ্জ বালিকা বিদ্যালয় ও মহিলা কলেজের স্কুল শাখার শ্রেণিকক্ষে গত শনিবার সাদা খামে ভরা প্রচারপত্রগুলো রেখে যায় দুই নারী। অভিভাবকদের ধারণা– ছাত্রীদের জঙ্গিবাদে উদ্বুদ্ধ করতে এমন প্রচারণা।

বিদ্যালয়ের বিষয়ে শিক্ষক রোকসানা ফেরদৌস বলেন, খামে 'সিরাতুন্নবী (স.)-এর ডাক' ও 'শিক্ষা সাময়িকী পাঠক ফোরামের পক্ষ থেকে একটি অভিনন্দনপত্র' নামে দুটি লিফলেট দেওয়া হয়। এতে ইসলাম সম্পর্কে নানা কথা উল্লেখ করা রয়েছে। বাংলাদেশসহ বিভিন্ন দেশের মানবাধিকার লঙ্ঘন সম্পর্কেও বলা হয়েছে। সংগঠনের নাম লেখা হয়েছে : আবহ ■ পৃষ্ঠা ৪ : কলাম ৬



শিক্ষার্থীদের বইয়ের ভেতর লিফলেট রাখছে এক নারী ■ সিসিটিভি ফুটেজ

## সেই দুই নারীর উদ্দেশ্য কী

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

ফাউন্ডেশন। সিসিটিভির ফুটেজে দেখা গেছে, কলেজের প্রধান ফটক দিয়ে বোরকা পরা দুই নারী ভেতরে প্রবেশ করছে। ওই সময় কলেজ মাঠে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষে প্রস্তুতি চলছিল, ফলে শ্রেণিকক্ষে মাত্র তিন-চারজন ছাত্রী ছিল। ওই সুযোগে বোরকাপরা দুই নারী নবম শ্রেণির কক্ষে প্রবেশ করে। দুই নারী ভেতরে ঢুকে সাদা খাম ধরিয়ে দেয় ছাত্রীদের হাতে। দ্রুত ক্লাসের অন্য শিক্ষার্থীদের বই ও ব্যাগের নিচে খাম রেখে যায়। এক ছাত্রী জানায়, কিসের চিঠি জানতে চাইলে বলা হয়, নবম শ্রেণির ছাত্রী হিসেবে তাদের অভিনন্দন দেওয়া হয়েছে। কাগজগুলো বাড়িতে নিয়ে একা পড়তে বলা হয় তাদের। মাত্র ৫ মিনিটে তারা কলেজ থেকে বেরিয়ে যায়।

প্রতিষ্ঠানের অধ্যক্ষ মহির উদ্দিন তালুকদার বলেন, শিক্ষার্থীদের বই ও ব্যাগে প্রচারপত্র রেখে যাওয়ার ব্যাপারে তিনি পরিচালনা কমিটি ও প্রশাসনকে অবহিত করেছেন। তিনি বলেন, সিসিটিভির ফুটেজ দেখে দুই নারীর মধ্যে একজন তাদের বিদ্যালয়ের শিক্ষার্থী বলে ধারণা করছেন।

ঈশ্বরগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজীব কুমার সরকার বলেন, লিফলেটগুলোতে ইরাক-সিরিয়াসহ মুসলিম দেশগুলোর কিছু চিত্র তুলে ধরা হয়েছে। সরকারবিরোধী কথাবার্তাও লেখা রয়েছে। ধারণা করা হচ্ছে, এটি তাদের প্রাথমিক সদস্য সংগ্রহ কার্যক্রম। এ বিষয়ে ব্যবস্থা নিতে পুলিশকে বলা হয়েছে। ঈশ্বরগঞ্জ থানার ওসি মো. বদরুল আলম খান বলেন, বিষয়টি তদন্ত করা হচ্ছে। এদিকে গতকাল রোববার থেকে প্রতিষ্ঠানটিতে নিরাপত্তা জোরদার করা হয়েছে।